গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

# সংবাদ গতিধারা

**স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা-৫১/২০২৩-২০২৪**

**ময়মনসিংহ, ২৬ অক্টোবর, বৃহস্পতিবার ২০২৩, ১০ কার্তিক ১৪৩০**

**আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:**

০১। ময়মনসিংহে ডেঙ্গু প্রতিরোধে জনসম্পৃক্ততা বিষয়ক পরিচিতি সভা অনুষ্ঠিত

০২। ময়মনসিংহে মাসব্যাপী সিটি তাঁত বস্ত্র মেলার উদ্বোধন

০৩। গারো পাহাড়ে ফাতেমা রানির তীর্থোৎসব শুরু আজ

০৪। চিড়িয়াখানায় ঘুরতে গিয়ে প্রাণীকে খাবার দিলে দুই মাসের কারাদন্ড, বিল পাস

০৪। নেত্রকোনার দুর্গাপুরে বন্য হাতির পায়ে পিষ্ট হয়ে যুবক আহত

## ০১। ময়মনসিংহে ডেঙ্গু প্রতিরোধে জনসম্পৃক্ততা বিষয়ক পরিচিতি সভা অনুষ্ঠিত

বুধবার (২৫ অক্টোবর) বেলা ১১ টায় ময়মনসিংহের শহীদ শাহাবুদ্দিন মিলনায়তনে ময়মনসিংহ সিটি কর্পোরেশন ও ময়মনসিংহ জেলা তথ্য অফিসের যৌথ উদ্যোগে এবং ইউনিসেফ এর সহযোগিতায় ডেঙ্গু প্রতিরোধে জনসম্পৃক্ততা বিষয়ক পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র মোঃ ইকরামুল হক টিটু। সবাই জনগণকে সম্পৃক্ত করে ডেঙ্গু প্রতিরোধ কার্যক্রমকে আরো শক্তিশালী করার ব্যাপারে আলোচনা হয়। ডেঙ্গু প্রতিরোধে চলমান কার্যক্রম সম্পর্কে জানানো হয়। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, দৈনিক সবুজ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, আজকের বাংলাদেশ ও দৈনিক আজকের ময়মনসিংহ।

## ০২। ময়মনসিংহে মাসব্যাপী সিটি তাঁত বস্ত্র মেলার উদ্বোধন

ময়মনসিংহ নগরীর কাচারীঘাটস্থ ব্রহ্মপুত্র নদের পাড়ে সিটি কর্পোরেশনের আয়োজনে মাসব্যাপী সিটি তাঁত বস্ত্র মেলা শুরু হয়েছে। বুধবার (২৫ অক্টোবর) বিকেলে বেলুন উড়িয়ে ও ফিতা কেটে মেলার উদ্বোধন করেন প্রধান অতিথি সিটি কর্পোরেশনের মেয়র মোঃ ইকরামুল হক টিটু। মেলায় রকমারি পণ্যের সমাহারসহ রয়েছে শিশুদের জন্য বিনোদনমূলক বিভিন্ন রাইড। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন।

## ০৩। গারো পাহাড়ে ফাতেমা রানির তীর্থোৎসব শুরু আজ

শেরপুরের নালিতাবাড়ীর গারো পাহাড়ে আজ বৃহস্পতিবার (২৬ অক্টোবর) থেকে শুরু হচ্ছে দু'দিনব্যাপী ফাতেমা রানির তীর্থোৎসব। ভারত সীমান্ত ঘেঁষা বারমারী সাধু লিওর ধর্মপল্লীতে ২৬-২৭ অক্টোবর ক্যাথলিক খ্রিস্টানদের সবচেয়ে বড় এই ধর্মীয় উৎসব অনুষ্ঠিত হবে। ইতিমধ্যে শেষ হয়েছে সকল প্রস্তুতি। প্রায় ৫০ হাজার পূর্ণ্যার্থী এতে অংশ নিবেন বলে আশা আয়োজকদের। ইতিমধ্যে এই উৎসবকে ঘিরে নেয়া হয়েছে চার স্তর বিশিষ্ট নিরাপত্তা ব্যবস্থা। পাহাড়ের বুকে পর্তুগালের ফাতেমা নগরীর আদলে তৈরি এই ধর্মপল্লীতে অনুষ্ঠিত হয় দক্ষিণ এশিয়ার সবচেয়ে বড়ো তীর্থ যাত্রা। এতে অংশ নেয় দেশ-বিদেশের পূণ্যার্থীরা। সূত্র: দৈনিক সবুজ, দৈনিক আজকের ময়মনসিংহ ও আজকের বাংলাদেশ।

## ০৪। চিড়িয়াখানায় ঘুরতে গিয়ে প্রাণীকে খাবার দিলে দুই মাসের কারাদন্ড, বিল পাস

চিড়িয়াখানায় ঘুরতে গিয়ে কোন দর্শনার্থী প্রাণীদের উত্যক্ত করলে জরিমানার মুখোমুখি হতে হবে। এক্ষেত্রে তার কাছ থেকে ২ হাজার টাকা ক্ষতিপূরণ আদায় করা যাবে। এছাড়া চিড়িয়াখানার কোন প্রাণীকে জখম করলে বা অনুমতি ছাড়া খাবার দিলে দুই মাসের জেল ও ৫ হাজার টাকা জরিমানা গুনতে হবে। এমন বিধান রেখে বুধবার (২৫ অক্টোবর) সংসদে চিড়িয়াখানা বিল-২০২৩ পাস হয়েছে। মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী শ ম রেজাউল করিম বিলটি পাসের জন্য সংসদে তোলেন। বিলটি পাস হওয়ায় দেশের সরকারি সব চিড়িয়াখানা এর অধীনে পরিচালিত হবে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

## ০৪। নেত্রকোনার দুর্গাপুরে বন্য হাতির পায়ে পিষ্ট হয়ে যুবক আহত

নেত্রকোনার দুর্গাপুরে বন্য হাতির পায়ে পিষ্ট হয়ে এক অজ্ঞাত যুবক (৩০) আহত হয়েছেন। বুধবার (২৫ অক্টোবর) সকালে উপজেলার সীমান্তবর্তী মনতলা জিরো পয়েন্ট এলাকায় গুরুতর আহত অবস্থায় ওই যুবককে উদ্ধার করে বিজিবি সদস্যরা। পরে স্থানীয় ইউপি সদস্যকে জানালে তাদের সহায়তায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন গ্রাম পুলিশের সদস্যরা। অজ্ঞাত ওই যুবক কথা বলতে না পারায় নাম বা পরিচয় কোনো কিছুই জানা যায়নি। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, দৈনিক সবুজ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক আজকের ময়মনসিংহ।

# সম্পাদকীয়

**(ক) দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ:** উন্নয়নশীল দেশগুলোতে সিসা বিষক্রিয়া একটি গুরুতর সমস্যা হয়ে দাঁড়িয়েছে, যা শিশুদের মারাত্মক স্বাস্থ্যঝুঁকি তৈরি করে। বাংলাদেশে অন্তত ৩৫.৫ মিলিয়ন (৩ কোটি ৫৫ লাখ) শিশু সিসার বিষক্রিয়ায় আক্রান্ত। প্রতিবছর প্রায় ৩১ হাজার মৃত্যু হয় যা দেশের মোট মৃত্যুর ৩.৬ শতাংশ। সমাজে শিশুর নিরাপদ জীবন নিশ্চিত করা জরুরী হয়ে পড়েছে। আমাদের শিশুরা কেবল সিসার বিষক্রিয়ায় আক্রান্ত নয়, ঠুনকো কারণে শিশুদের নির্যাতন ও হত্যা করা হচ্ছে। যেভাবেই হোক শিশু নির্যাতন ও হত্যা বন্ধ করতে হবে। বন্ধ করতে হবে শিশুশ্রমও। সিসার বিষক্রিয়া থেকেও শিশুদের রক্ষা করতে হবে।

**(খ) দৈনিক স্বদেশ সংবাদ:** সারা বিশ্বে হতদরিদ্রের সংখ্যার দিক থেকে ষষ্ঠ স্থানে আছে বাংলাদেশ। দারিদ্র্য, অসমতা, লিঙ্গ বৈষম্য নিরসনে প্রচলিত ধারণা, মানসিকতা ও চিন্তাধারার পরিবর্তন দরকার। এক্ষেত্রে গণমাধ্যম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। দেশে ক্রমাগত আয়বৈষম্য বৃদ্ধি পাচ্ছে, যার অর্থ সাম্য ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠা করা সম্ভব হচ্ছে না। আয়বৈষম্য বিলোপ সম্ভব হলেই কেবলমাত্র মাথাপিছু আয় বৃদ্ধি বা জিডিপির প্রবৃদ্ধির সুফল প্রান্তিক জনগণের কাছে পৌঁছাবে; নিশ্চিত হবে অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন।

**(গ) দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** রেলের গাফিলতির কারণে গত সোমবার কিশোরগঞ্জের ভৈরব স্টেশনের আউটারে যাত্রীবাহী এগারসিন্দুর গোধূলি এক্সপ্রেসে উল্টো ইঞ্জিনের পণ্যবাহী ট্রেনের ধাক্কায় প্রাণ হারিয়েছেন অনেকে। আহত হয়েছেন শতাধিক। দুর্ঘটনার কারণ অনুসন্ধানে একাধিক তদন্ত কমিটি গঠিত হয়েছে। প্রাথমিকভাবে জানা গেছে, কনটেইনারবাহী ট্রেনটির চালক ও সহকারী চালক সিগন্যাল অমান্য করেছে। রেলপথে সিগন্যাল না মানার অভিযোগ যেমন রয়েছে সিগন্যাল না দেয়ার অভিযোগও পাওয়া যায়। রেল যোগাযোগকে নিরাপদ করার জন্য এখনো অনেক করণীয় আছে। ভৈরবের দুর্ঘটনা থেকে শিক্ষা নিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ভবিষ্যৎ করণীয় নির্ধারণ করবে, সেটা প্রত্যাশা।

## প্রবন্ধ/নিবন্ধ

০১। গ্রামের পরিবেশ নিয়েও ভাবতে হবে- মৃত্যুঞ্জয় রায় (দৈনিক সবুজ)

০২। দায়িত্বগুলো সঠিকভাবে পালন করাই এবাদত- রাজু আহমেদ (আজকের বাংলাদেশ)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।